

স্মারক নম্বর-৩১.৪১.৩৩৮৬.০০০.২১. ২২২৩০

তারিখ- ২৪ /১০/২০২১ খ্রিস্টাব্দ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর মহোদয়ের ১৮/১০/২০২১ ইং তারিখের ০৫.৪১.৩৩০০.০৮৬.০১৫.০৯.১৫-২০১২ নং স্মারক মূলে বরমী বাজার উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুরে নিয়মিত ম্যানেজিং কমিটি-২০২১ গঠন কল্পে বিভিন্ন ক্যাটাগরীতে নির্বাচনের জন্য নিম্নবর্ণিতভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো :
যে সকল ক্যাটাগরীতে নির্বাচন অনুষ্ঠিত হবে :

- ০১। (ক) সাধারণ শিক্ষক প্রতিনিধি : ২ (দুই) জন।
(খ) মহিলা শিক্ষক প্রতিনিধি : ১ (এক) জন।
(গ) অভিভাবক সদস্য : ৪ (চার) জন।
(ঘ) মহিলা অভিভাবক সদস্য : ১ (এক) জন।
(ঙ) দাতা সদস্য : ১ (এক) জন।
- ০২। মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ : ২৫/১০/২০২১, ২৬/১০/২০২১ এবং ২৭/১০/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত।
(অফিস চলাকালীন সময় পর্যন্ত)
- ০৩। মনোনয়ন পত্র বাছাই : ২৮/১০/২০২১ খ্রিঃ (সকাল ১১.০০ ঘটিকায়)
- ০৪। মনোনয়নপত্র প্রত্যাহার ও চূড়ান্ত তালিকা প্রকাশ : ৩১/১০/২০২১ খ্রিঃ
- ০৫। নির্বাচন : ১১/১১/২০২১ খ্রিঃ (সকাল ১০.০০ টা থেকে দুপুর ৪.০০ টা পর্যন্ত)
- ০৬। মনোনয়নপত্র বিতরণ, গ্রহণ ও প্রত্যাহারের স্থান : বরমী বাজার উচ্চ বিদ্যালয়ের অফিসকক্ষ।
- ০৭। মনোনয়নপত্র বাছাইয়ের স্থান : উপজেলা ভূমি অফিস, শ্রীপুর, গাজীপুর।
- ০৮। নির্বাচনের স্থান : বিদ্যালয়ের শ্রেণিকক্ষ।
- ০৯। মনোনয়নপত্র বাছাইয়ের সময় প্রার্থী নিজে অথবা তার মনোনীত প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।
- ১০। নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত।
- ১১। নির্বাচন ব্যয় মিটানোর জন্য সকল ক্যাটাগরীর মনোনয়নপত্র উত্তোলন বাবদ বিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠা সদস্য, দাতা সদস্য, সাধারণ অভিভাবক সদস্য পদে অফেরৎযোগ্য মনোনয়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং শিক্ষক প্রতিনিধি পদে অফেরৎযোগ্য মনোনয়ন ফি ২,০০০/- (দুই হাজার) টাকা পরিশোধ করে প্রধান শিক্ষকের কার্যালয় হতে গ্রহণ ও জমা দেওয়া যাবে।

* গুরুত্বপূর্ণ নির্বাচনী আচরণ বিধিঃ

- (ক) ম্যানেজিং কমিটির কোন সদস্য পদে নির্বাচনী প্রচারণায় কোনরূপ মিছিল, জনসভা, অভিভাবক সভা, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোস্টার, বাইসাইকেল বা মোটর সাইকেল কিংবা গাড়ীবহর ব্যবহার করা যাবে না।
- (খ) নির্বাচনী প্রচারণায় কেবল $৫ \frac{১}{২}$ ইঞ্চি \times $৮ \frac{১}{২}$ ইঞ্চি সাদাকালো লিফলেট প্রকাশ ব্যতীত অন্য কোন খাতে অর্থ ব্যয় করা যাবে না এবং কোন নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না।

(উজ্জ্বল কুমার হালদার)
সহকারী কমিশনার (ভূমি)
শ্রীপুর, গাজীপুর

ও
প্রিজাইডিং অফিসার
রাজেন্দ্রপুর উচ্চ বিদ্যালয়
ম্যানেজিং কমিটি নির্বাচন- ২০২১
তারিখ- /১০/২০২১ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর-৩১.৪১.৩৩৮৬.০০০.২১.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ১। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর।
৩। প্রধান শিক্ষক, বরমী বাজার উচ্চ বিদ্যালয়, শ্রীপুর, গাজীপুর। (তাকে এলাকায় মাইকিং করা, ফেইসবুক, নোটিশ বোর্ডে তফসিল টাঙ্গিয়ে ফটোকপি সরবরাহসহ নির্বাচনী কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
৪। অফিস কপি।

সহকারী কমিশনার (ভূমি)
শ্রীপুর, গাজীপুর।